

নম্বর 202.95

নির্বাহী আদেশ

**আইনের সাময়িক স্বগিতাদেশ এবং সংশোধন অব্যাহত রাখা  
সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা**

**যেখানে,** 7 মার্চ 2020 তারিখে আমি সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

**যেখানে,** COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

**এখন, অতএব আমি, অ্যান্ড্রু এম. কুওমো,** নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর 29-a ধারার অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধা দেয় বা এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সাহায্য করার জন্য যদি প্রয়োজন হয় তাহলে আরও ত্রিশ দিন নির্বাহী আদেশ 202 এবং তার সাথে নির্বাহী আদেশ 202-এর প্রতিটি উত্তরসূরিতে উল্লিখিত স্বগিতাদেশ এবং সংশোধনগুলি ত্রিশ দিনের জন্য 24 মার্চ, 2021 অবধি অব্যাহত রাখছি - যদি না তা অতিক্রম, সংশোধন করা হয়ে থাকে, বা অন্যথায় মেয়াদ শেষ হয়ে গিয়ে থাকে,

**উপরন্তু,** দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুল্লেখ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 24 মার্চ 2021 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- P-12 স্কুল (সরকারি বা বেসরকারি) বা স্কুল ডিস্ট্রিক্ট দ্বারা নিযুক্ত একজন শিক্ষককে অবশ্যই জানাতে হবে যে তারা শুধুমাত্র স্বাস্থ্য বিভাগের প্রতিবেদনের জন্য জেলার অনুরোধে তাদের নিয়োগকারী স্কুল বা স্কুল জেলায় COVID-19 টিকা পেয়েছেন। এই নির্দেশিকার মধ্যে কোন কিছুই মানে এই নয় যে কোন শিক্ষককে COVID-19 টিকা গ্রহণ করতে হবে।
- বুধবার, 24 ফেব্রুয়ারি, 2021 থেকে শুরু হয়ে, প্রতি শুক্রবার, প্রতিটি স্কুল এবং স্কুল জেলা সাপ্তাহিক ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের কাছে আগের সপ্তাহে সম্পন্ন COVID-19 টিকা প্রদানের সংখ্যা, সেই সাথে শিক্ষকদের সংখ্যা ও শতাংশ যারা আগের সপ্তাহে শিক্ষার্থীদের সশরীরে নির্দেশনা দিয়েছেন তা রিপোর্ট করবে, একটি ফর্ম এবং পদ্ধতিতে যা স্বাস্থ্য অধিদপ্তর নির্ধারণ করবে। এই ধরনের সাপ্তাহিক প্রতিবেদনে অন্য যে কোন তথ্য উপাদান অন্তর্ভুক্ত করা হবে যা স্বাস্থ্য কমিশনার এই ধরনের স্কুল এবং স্কুল জেলার মধ্যে সশরীরে নির্দেশনা ট্যাক করার জন্য যথাযথ বলে নির্ধারণ করবেন।

দুই হাজার একশ সালের ফেব্রুয়ারি মাসের বাইশতম দিনে  
আমার স্বহস্তে এবং স্টেটের প্রিন্সিপাল সিলে (Privy Seal) অ্যালবেনি সিটিতে দেওয়া হয়েছে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব